“মুসলিমের ওপর অপর মুসলিমের অধিকার ছয়টি”: বলা হলো, হে আল্লাহর রাসূল সেগুলো কী? তিনি বললেন, “তুমি তার সঙ্গে সাক্ষাৎ করলে তাকে সালাম দাও, সে তোমাকে দাওয়াত দিলে তার দাওয়াত গ্রহণ কর, সে তোমার কাছে উপদেশ চাইলে তুমি তাকে উপদেশ দাও, সে হাঁচি দিয়ে ‘আলহামদুলিল্লাহ’ বললে তার জবাব দাও, সে অসুস্থ হলে তাকে দেখতে যাও এবং সে মারা গেলে তার জানাযায় অংশ গ্রহণ কর।”

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “মুসলিমের ওপর অপর মুসলিমের অধিকার ছয়টি”: বলা হলো, হে আল্লাহর রাসূল সেগুলো কী? তিনি বললেন, “তুমি তার সঙ্গে সাক্ষাৎ করলে তাকে সালাম দাও, সে তোমাকে দাওয়াত দিলে তার দাওয়াত গ্রহণ কর, সে তোমার কাছে উপদেশ চাইলে তুমি তাকে
উপদেশ দাও, সে হাঁচি দিয়ে ‘আলহামদুলিল্লাহ’ বললে তার জবাব দাও, সে অসুস্থ হলে তাকে
দেখতে যাও এবং সে মারা গেলে তার জানাযায় অংশ গ্রহণ কর।” [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যাখ্যা করেছেন যে, একজন মুসলিমের তার মুসলিম ভাইয়ের উপর ছয়টি অধিকার রয়েছে: প্রথমত: যখন সে তার সাথে দেখা করে তখন সে তাকে বলবে: السلام عليكـــم এবং সে সালামের জবাব দেয়: وعليكـــم السلام দ্বিতীয়ত: যদি সে তাকে অলিমা বা অন্য কিছুতে আমন্ত্রণ জানায়, তাহলে তার আমন্ত্রণে সাড়া দেওয়া। তৃতীয়ত: যদি সে পরামর্শ চায় তাহলে তাকে পরামর্শ দাও এবং তাকে তোষামোদ করো না বা প্রতারণা করো না। চতুর্থত: যদি সে হাঁচি দেয় এবং বলে: الحمد لله তাহলে তাকে এই বলে উত্তর করো: يرحمك الله এবং সে উত্তরে বলবে: يَهديكم الله وُيصــلح بــالكم" আল্লাহ তোমাকে হেদায়েত দিন এবং তোমার কাজ ঠিক করে দিন।" পঞ্চম: অসুস্থ হলে তাকে দেখতে যায়। ষষ্ঠত: যদি সে মারা যায়, তাহলে সে তার জানাযার সালাত পড়বে এবং তাকে দাফন না করা পর্যন্ত তার জানাযার সাথে থাকবে।

https://www.sunnah.global/hadeeth/bn/show/5343